গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
প্রশাসন-২ অধিশাখা
www.mof.gov.bd

নং- ০৭.০০.০০০০.০৮২.২৭.০০৮.১৯-

তারিখ: ২৪ পৌষ ১৪২৬
৮ জানুয়ারি ২০২০

# প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ সিদ্দিকুর রহমান, প্রোগ্রামার (সাময়িকভাবে বরখাস্ত), হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় (সিজিএ), ঢাকা এর বিরুদ্ধে প্রোগ্রামার হিসেবে কর্মরত থাকাকালীন তাঁর সহযোগিতায় প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের এসএএস সুপার জনাব মোঃ শরিফুল ইসলাম (সাময়িকভাবে বরখাস্ত) কর্তৃক Electronic Fund Transfer (EFT) পদ্ধতিতে সরকারি কোষাগার হতে ডাচ বাংলা ব্যাংক, মিরপুর শাখায় তাঁর নিকট আত্মীয় স্বজনের নামে ৬টি ব্যাংক একাউন্টে মোট ১,২৭,০০,০০০/- (এক কোটি সাতাশ লক্ষ) টাকা জালিয়াতির মাধ্যমে স্থানান্তর করার অভিযোগ রয়েছে। মোঃ সিদ্দিকুর রহমান, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ের সুপার মোঃ শরিফুল ইসলামের সাথে যোগসাজশে ডাটাবেজ সিস্টেমের iBAS User ID ও Password ব্যবহার করে Back end থেকে উক্ত অর্থ স্থানান্তর সংক্রান্ত ডাটা (data) মুছে দিতে সহায়তা করেন। এ সংশ্লিষ্ট তথ্য মুছে ফেলা ও সরকারি কোষাগার হতে ১,২৭,০০,০০০/- (এক কোটি সাতাশ লক্ষ) টাকা আত্মসাতে সহযোগিতা করেন বিধায়, মোঃ সিদ্দিকুর রহমান, প্রোগ্রামার (সাময়িকভাবে বরখাস্ত) কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(ডি) অনুযায়ী {বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(ঘ)} অভিযুক্ত করে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়। এ পরিপ্রেক্ষিতে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করা হয়। অর্থ বিভাগের ১৩-০৮-২০১২ তারিখের ২৩০ নম্বর স্মারকের আদেশে মোঃ সিদ্দিকুর রহমান, প্রোগ্রামার, সিজিএ, ঢাকা-কে সাময়িকভাবে বরখাস্ত করা হয়।

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর লিখিত জবাব এবং শুনানি সন্তোষজনক না হওয়ায় জনাব মোহাম্মদ আনিসুর রহমান, উপসচিব, অর্থ বিভাগকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে দুর্নীতির অভিযোগের সত্যতা রয়েছে মর্মে উল্লেখ করেন।

যেহেতু, তদন্ত প্রতিবেদন, প্রাসঙ্গিক কাগজপত্র এবং অভিযোগের গুরুত্ব বিবেচনায় একই বিধিমালার ৪ এর ৩(ঘ) অনুযায়ী চাকরি হতে বরখাস্তকরণ গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপরিপ্রেক্ষিতে একই বিধিমালার ৭(৯) অনুযায়ী ২য় কারণ দর্শানোর নোটিশ জারি করে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হয়। উক্ত নোটিশের লিখিত জবাব সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৭(১০) এবং পাবলিক সার্ভিস কমিশন (পরামর্শকরণ) রেগুলেশন, ১৯৭৯ এর ৬নং রেগুলেশন অনুযায়ী মোঃ সিদ্দিকুর রহমানকে চাকরি হতে বরখাস্তকরণ গুরুদন্ড আরোপের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনকে পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হলে কমিশন এ বিষয়ে একমত পোষণ করে।

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত, বিভাগীয় মামলার সকল বিধিবিধান ও প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন হয়েছে এবং মামলার সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনান্তে মোঃ সিদ্দিকুর রহমানকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(ঘ) অনুযায়ী দুর্নীতির অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪ এর ৩(ঘ) অনুযায়ী সরকারি চাকরি হতে বরখাস্ত করার বিষয়ে মহামান্য রাষ্ট্রপতির সদয় সম্মতি গ্রহণ করা হয়।

সেহেতু, জনাব মোঃ সিদ্দিকুর রহমান, প্রোগ্রামার (সাময়িকভাবে বরখাস্ত), সিজিএ কার্যালয়, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৪ এর ৩(ঘ) অনুযায়ী সরকারি চাকরি হতে বরখাস্তকরণ গুরুদন্ড প্রদান করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**স্বা/-**
(আব্দুর রউফ তালুকদার)
অর্থ সচিব

নং- ০৭.০০.০০০০.০৮২.২৭.০০৮.১৯- ২২

তারিখ: ২৪ পৌষ ১৪২৬
৮ জানুয়ারি ২০২০

**<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে</u>** (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
৩। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (প্রশাসন ও ব্যয় ব্যবস্থাপনা)/(প্রশাসন ও সমন্বয়), অর্থ বিভাগ।
৬। উপনিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৭। অর্থ সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ (অর্থ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। জনাব মোঃ সিদ্দিকুর রহমান, প্রোগ্রামার (সাময়িক বরখাস্ত), সিজিএ কার্যালয়, সেগুনবগিচা, ঢাকা।
১০। অফিস কপি/মাস্টার কপি।

০৮/০১/২০২০
(মুন্সী আবদুল আহাদ)
উপসচিব